


ইউনিভার্সিটি বি.টি. অ্যান্ড ইভনিং কলেজে পড়বো কেন ?



কারণ অনেক,
একবার ভেবে দেখো




কোচবিহার শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত ও রাজ আমলের শেষ মহারাজ শ্রী জগদীপেন্দ্র নারায়ণের আশীর্বাদধন্য এই কলেজ জেলার একমাত্র উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পরিচালিত ইউনিভার্সিটি কলেজ। এটি NCTE স্বীকৃত ও NAAC অনুমোদিত একটি প্রাণবন্ত শিক্ষাপ্রতিষ্ঠান। এই কলেজের নামে ইভনিং থাকলেও দিনের বেলাতেই এখানে আন্ডারগ্রাজুয়েট এবং বি. এড. বিভাগের পঠন-পাঠন হয়।



কলেজটি পলিটেকনিকের পাশে গুঞ্জবাড়ি মোড়ে কেশব রোডের ওপর অবস্থিত, যেখানে ছাত্রছাত্রীদের পক্ষে পৌঁছানো সহজ ও সুলভ।



এই কলেজ ক্যাম্পাস সম্পূর্ণভাবে সুরক্ষিত ও র‍্যাগিং মুক্ত, যেখানে প্রতিটি ছাত্র ছাত্রী নিশ্চিন্তে পড়াশোনা করতে পারে।




এই কলেজে 7th ও 8th সেমেস্টারে অভিজ্ঞ অধ্যাপকদের কাছে পাঠগ্রহণ করে সকল বিষয়ে Major with Research করবার সুযোগ রয়েছে। কি কি বিষয় নিয়ে পড়তে পারো, বিশদে জানতে পরের পাতায় কিউ আর কোড স্ক্যান করো।

এটি কোচবিহার তথা উত্তরবঙ্গের একমাত্র সরকারী কলেজ যেখানে অন্যান্য সব কলেজের চাইতে সবচেয়ে কম খরচে বি. এড. পড়বার সুযোগ পাওয়া যায়। কারণ, কেবলমাত্র উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধীনে যারা পড়াশোনা করছে, তারাই এখানে বি. এড. পড়তে পারে এবং ভবিষ্যৎ জীবনে এই ডিগ্রীকে কাজে লাগিয়ে এসএসসি সহ বিভিন্ন পরীক্ষায় বসবার সুযোগ পেতে পারে। কিছুদিনের মধ্যেই এই কলেজ থেকে self-finance mode -এ BBA ও MBA ডিগ্রি লাভের সুযোগ পাওয়া যাবে।



কাজের বাজারে প্রবেশের সুযোগ তৈরি করে দেয় এই কলেজের ছোট ছোট অতিরিক্ত কোর্সগুলি। বিভিন্ন কম্পিউটিভ পরীক্ষায় প্রস্তুতির জন্য রয়েছে **কেরিয়ার কাউন্সেলিং সেল**, যেখানে বিভিন্ন চাকরির পরীক্ষার বইপত্র থেকে আরম্ভ করে প্রশিক্ষণ পাবার সুবিধে থাকছে।



এই কলেজে আধুনিক ভূগোল পাঠের জন্য যাবতীয় সুবিধে এবং QGIS সমৃদ্ধ ল্যাবে আধুনিক মানচিত্র ও ভৌগোলিক data analysis শেখার সুযোগ আছে।




এখানে রয়েছে উচ্চগতির ওয়াই-ফাই পরিষেবা ও অত্যাধুনিক কম্পিউটার ল্যাব, যেখানে ছাত্র ছাত্রীরা নিজেকে আগামী দিনের জন্য গড়ে তোলবার সুযোগ পায়।



পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও শরীর চর্চার মাধ্যমে সুস্থ শরীর ও মানসিকতা তৈরির প্রতি বিশেষ নজর দেওয়া হয়। শারীরিক ও মানসিক সুস্থতার দিকে তাকিয়ে বিশেষ সেল রয়েছে, যেখানে নিয়মিত **মেডিক্যাল ক্যাম্প ও সচেতনতামূলক অনুষ্ঠান** আয়োজন করা হয়।



সুস্থ সংস্কৃতিচর্চার সুযোগ রয়েছে নাচ, গান, আবৃত্তি, থিয়েটার, আর্ট অ্যান্ড ক্রাফট ইত্যাদি ক্লাবের মাধ্যমে। ছবিতে সেমিনারে ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলছেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব গৌতম হালদার।



রয়েছে NCC এবং NSS -এর সঙ্গে যুক্ত হয়ে সমাজসেবা ও দেশ সেবার কাজে নিজেকে নিয়োজিত করবার আয়োজন এবং ভবিষ্যৎ জীবনে এগুলিকে কাজে লাগানোর সুযোগ।



web: www.ubtec.ac.in

স্বপ্ন তোমাদের,
বাস্তবায়নের দায়িত্ব আমাদের।